# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থ বিভাগ

www.badc.gov.bd


স্মারক নম্বর-১২.০৬.০০০০.২৩১.১৮.০০১.২৪- ৬৯৫

তারিখ ঃ ১১ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

বিষয়ঃ **সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় ''দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫ সংশোধন''।**

সূত্র: অর্থ মন্ত্রণালয় প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা ৬ এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১৫, তারিখ: ২৫.১১.২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্র মোতাবেক সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় ''দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫ সংশোধন'' সংক্রান্ত সংযুক্ত পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৫/১১/২০২৫

রুনা লায়লা

মহাব্যবস্থাপক (অর্থ) চ: দা:

বিএডিসি, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক (বীজ/সার/উদ্যান/এএসসি/পাটবীজ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।

২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মান), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।

৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।

৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।

৫। নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।

৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো:/বীপ্রস/বীজ বিতরণ/ আলুবীজ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।

৭। যুগ্মপরিচালক (সংস্থাপন/নিওক/সওব্য/সা:প:/ডাল ও তৈলবীজ/সবজি বীজ/ বিআমক)বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।

৮। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৯। উপপ্রধান প্রকৌশলী (জওঅ/মিশ্র), বিএডিসি, ঢাকা।

১০। প্রকল্প পরিচালক, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।

১১। প্রকল্প পরিচালক, বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থার ওপর পাইলট গবেষণা প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন' প্রকল্প, বিএডিসি, চৌচড়া, যশোর।

১৩। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, চট্টগ্রাম।

১৪। প্রকল্প পরিচালক, বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, বরিশাল।

১৫। প্রকল্প পরিচালক, সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি, সিলেট।

১৬। প্রকল্প পরিচালক, বিএডিসি'র সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন ও নতুন গুদাম নির্মাণের মাধ্যমে সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

১৭। প্রকল্প পরিচালক, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।

১৮। প্রকল্প পরিচালক, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের বীজ উৎপাদনও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

১৯। প্রকল্প পরিচালক, তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২০। প্রকল্প পরিচালক, জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২১। প্রকল্প পরিচালক, আম ও অন্যান্য সতেজ কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্পতাপ প্রয়োগ প্লান্ট স্থাপন প্রকল্প, বিএডিসি, মিরপুর, ঢাকা।

২২। প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৩। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৪। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৫। প্রকল্প পরিচালক, ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৬। প্রকল্প পরিচালক, বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৭। প্রকল্প পরিচালক, ধান, গম ও ভুট্টার উন্নতর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৮। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা: **ওয়েবসাইটে প্রকাশের জন্য।**

২৯। উপপরিচালক (আইন/সমন্বয়), বিএডিসি,ঢাকা।

৩০। সহকারী প্রকৌশলী (নির্মান), বিএডিসি, ঢাকা।

৩১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৩২। সদস্য পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৬

নং: ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১৫

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫ সংশোধন"।**

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে এ বিভাগের ১৫ এপ্রিল ২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১০০ নং স্মারকমূলে জারীকৃত **"দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"** এর অন্যান্য দফা অপরিবর্তিত রাখিয়া জনস্বার্থে সরকার নিম্নরূপ সংশোধন করিল। যথাঃ

**(১) দফা ৪ এর উপদফা (গ) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথাঃ**

"(গ) একজন সাময়িক শ্রমিক দৈনিক ভিত্তিতে নিয়োজিত হইবেন এবং মাসে ২২ (বাইশ) দিনের বেশি সময়ের জন্য কোনোক্রমে নিয়োজিত রাখা যাইবে না, তবে যে সকল প্রতিষ্ঠানের সাপ্তাহিক ছুটি ০১(এক) দিন সেই সকল প্রতিষ্ঠানে সর্বোচ্চ ২৬ (ছাব্বিশ) দিনের জন্য নিয়োজিত রাখা যাইবে;"

**(২) দফা ৪ এর উপদফা (জ) এর পর নিম্নরূপ দফাসমূহ (ঝ এবং ঞ) সন্নিবেশিত হইবে, যথাঃ**

"(ঝ) যেই সকল প্রতিষ্ঠানে মৌসুমী শ্রমিকের প্রয়োজন হয় সেই সকল প্রতিষ্ঠানে মৌসুম শেষ হইবার পর অতিরিক্ত সময়ের জন্য শ্রমিক নিয়োজিত রাখা যাইবে না;

(ঞ) মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে অতিরিক্ত সচিব/যুগ্মসচিবের নেতৃত্বে এবং অধস্তন দপ্তরসমূহের ক্ষেত্রে দপ্তর প্রধানের নেতৃত্বে গঠিত (ক্ষেত্র বিশেষে মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিসহ) ৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদনের মাধ্যমে অনিয়মিত শ্রমিক নিয়োজন করিতে হইবে।"

**(৩) দফা ৬ এর উপদফা (ঙ) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথাঃ**

"(ঙ) সাময়িক শ্রমিক নিয়োজিতকরণের জন্য নির্ধারিত কোডে বাজেট বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং প্রেরণকালে সংযুক্ত ছক (পরিশিষ্ট-ক) অনুযায়ী আবশ্যিকভাবে তথ্য প্রেরণ করিতে হইবে;"

**(৪) দফা ৬ এর উপদফা (ঙ) এর পর নিম্নরূপ দফা সন্নিবেশিত হইবে, যথাঃ**

"(চ) বরাদ্দ থাকা সাপেক্ষে শ্রমিকদের মজুরি পরবর্তী মাসের প্রথম সপ্তাহে পরিশোধ করিতে হইবে।"

**(৫) তফসিল "ক" নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথাঃ**

তফসিল **"ক"**

| ক্র. | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/দপ্তর সংস্থার নাম | দৈনিক ভিত্তিক শ্রমিকের ধরন ও সংখ্যা | শ্রমিক মজুরির হার | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত দৈনিক ভিত্তিক শ্রমিকের সংখ্যা | দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োজিত করা সম্পর্কে বিদ্যমান নীতিমালা/বিধি/অন্যান্য সংশ্লিষ্ট আদেশ | প্রস্তাবিত বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

২৫/১১/২০২৫
ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব
অর্থ বিভাগ